

## হোমিওপ্যাথিক মেডিকেল কলেজের বিভিন্ন বর্ষের পরীক্ষার ফল প্রকাশ

যায়যায় রিপোর্ট

বৃহস্পতিবার দেশের সব হোমিওপ্যাথিক মেডিকেল কলেজের বিভিন্ন বর্ষের পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে।

বাংলাদেশ হোমিওপ্যাথিক বোর্ডের চেয়ারম্যান ডা. দিলীপ কুমার রায় বৃহস্পতিবার সচিবালয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী ডা. আফ ম সুলতান হকের কাছে বোর্ডের অধীনে স্বীকৃতিপ্রাপ্ত ৪৪টি কলেজের ডিপ্লোমা ইন হোমিওপ্যাথিক মেডিসিন অ্যান্ড সার্জারি (ডিএইচএমএমএস) পরীক্ষার ফলাফল হস্তান্তর করেন।

হোমিওপ্যাথিক বোর্ডের ইতিহাসে প্রথমবারের মতো ইন্টারনেটে এ ফল প্রকাশ করা হয়েছে। [www.homocopathicboardbd.org](http://www.homocopathicboardbd.org) ওয়েবসাইটে এ ফলাফল পাওয়া যাবে। এফর কলেজগুলোতে ১ম বর্ষ থেকে ৪র্থ বর্ষে মোট ১৩ হাজার ৩৫৮ পরীক্ষার্থী অংশ নেন। এর মধ্যে ১১ হাজার ৭৬০ জন পরীক্ষায় উত্তীর্ণ হয়। ফলাফল হস্তান্তরের সময় মহাশয়দের অতিরিক্ত সচিব এম. এম. আশরাফুল ইসলাম, বোর্ডের রেজিস্ট্রার ডা. মো. জাহাঙ্গীর আলম, পরীক্ষা নিয়ন্ত্রক ডা. জুবায়ী আরাফত উপস্থিত ছিলেন।